# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

## 3rd Terminal Examination - 2019

**Subject:** Bengali Grammar **Class:** 4 A & C **F.M.:** 75 **Duration:** 2Hrs. **Date:** 19.11.2019

(Marks will be deducted for untidy work, spelling mistakes and work not done in systematic manner.)

### ক – বিভাগ (২০)

১) নীচে দেওয়া শব্দগুলির সন্ধিবিচ্ছেদ করো। (১x৫=৫)

বিদ্যালয়, শচীন্দ্র , নাবিক , স্বাগত , পরোপকার

২) নীচের দেওয়া শব্দগুলিকে বহুবচনে পরিবর্তন করো। (১x৫=৫)

গুরু , মেঘ , প্রজা , কিলো , টাকা

৩) নীচের শব্দগুলির দুটি করে সমার্থক শব্দ লেখো। (৫)

বাবা, মেয়ে , চোখ , পৃথিবী , গৃহ

৪) শূন্যস্থান পূরণ করো। (৫)

ক) উত্তম ও মধ্যম পুরুষ কেবল ____________ পদেরই হয়।

খ) বিশেষ্যের পরিবর্তে যে পদ ব্যবহৃত হয় তাকে বলে ____________ পদ।

গ) কোনো প্রশ্ন জিজ্ঞাসা করা হলে ____________ চিহ্ন বসে।

ঘ) ____________ ও ____________ পদের বচন হয়।

### খ – বিভাগ (২৫)

৫) নীচের শব্দগুলি সন্ধিযুক্ত করো। (৩)

ক) বিবেক + আনন্দ =

খ) মহা + আকাশ =

গ) প্রতি + এক =

৬) ক্রিয়াপদ অনুযায়ী পুরুষ বসাও। (৩)

ক) ____________ পড়বে।

খ) ____________ কী করবি?

গ) ____________ লিখেছি।

৭) নীচের বাক্যগুলিতে অব্যয় পদের নীচে দাগ দাও। (৩)

ক) আমি আর তুমি বিদ্যালয়ে যাব।

খ) তুমি আমাদের বাড়ি আসবে নচেৎ তোমার সঙ্গে আড়ি।

গ) মেয়েটি চালাক কিন্তু শান্ত।

৮) নীচের বাক্যগুলিতে দাগদেওয়া পদগুলি কোন পুরুষ লেখো। (৩)

ক) আমি <u>কলম</u> দিয়ে লিখি।

খ) <u>আমাদের</u> বাগানে অনেক ফুল ফুটেছে।

গ) আমি <u>তোর</u> বাড়ি যাব।

৯) বাক্য তৈরি করার প্রধান তিনটি শর্ত লেখো। (৩)

P.T.O

১০) নীচের বাক্যগুলির ক্রিয়ার কাল লেখো। (৩)

ক) সূর্য পশ্চিমদিকে অস্ত যায়।

খ) গতকাল রাতে আমি একটি সুন্দর স্বপ্ন দেখেছি।

গ) আমাদের বিদ্যালয়ে শিশু দিবস পালিত হবে।

১১) বাক্যের প্রধান অংশ ক-টি ও কী কী? একটি উদাহরণ দিয়ে প্রধান অংশগুলি চিহ্নিত করো। (৩)

১২) নামপদ কয় প্রকার ও কী কী? (২)

১৩) নীচের বাক্যে দাগ দেওয়া শব্দগুলির সমার্থক শব্দ লিখে বাক্যগুলি পুনরায় লেখো। (২)

ক) মা আমাকে খুব ভালোবাসেন।

খ) ঈশ্বর সর্বদা আমাদের মঙ্গল করেন।

## 'গ' বিভাগ - ৩০

১৪। নীচের বাক্যগুলিতে উপযুক্ত স্থানে বিরাম বা যতি চিহ্ন বসাও। (৫)

ক) তোমার বাড়ি কোথায়

খ) বাঃ খুব সুন্দর হাতের লেখা হয়েছে

গ) দোকান থেকে তেল নুন দুধ ঘি আনতে হবে

ঘ) আজ আমরা সিনেমা দেখতে যাব

ঙ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের লেখা বইগুলি হল বর্ণপরিচয় সীতার বনবাস ইত্যাদি

১৫। একবচন ও বহুবচনের চিহ্ন দিয়ে পাঁচটি শব্দ লেখ। (৫)

১৬। তোমার বার্ষিক পরীক্ষার প্রস্তুতি কেমন হয়েছে জানিয়ে বাবাকে একটি চিঠি লেখো। (৫)

১৭। অনুচ্ছেদ লেখ :- তোমার প্রিয় উৎসব (১০টি বাক্যে) (৫)

১৮। নীচের দেওয়া সংকেতগুলি দেখে গল্প লেখো। গল্পের নাম ও নীতিকথা অবশ্যই লিখবে। (৫)
গল্প সংকেত :রাখাল বালক মাঠে গরু চরাতে গিয়ে মিছিমিছি 'বাঘ বাঘ' বলে চেঁচাত-তখন চারপাশের লোকজন ছুটে আসত এবং বোকা বনে যেত। একদিন সত্যি সত্যি পালে বাঘ পড়ল - রাখালের চেঁচামেচিতে কেউ এল না - রাখাল বাঘের পেটে গেল।

১৯। নীচের অংশটি পড়ে উত্তর লেখ।
একসময় পাখিদের সঙ্গে পশুদের তুমুল লড়াই বেধেছিল। তাতে দু-পক্ষেরই কখনো জিত, কখনো হার হচ্ছিল। বাদুড় কোনো দলেই ঠিকমতন যোগ দিচ্ছিল না। যখন যে দল জিতছিল, 'আমি তোমাদেরই' - এই বলে সে দলে, ভিড়ে যাচ্ছিল।
পাখি কিংবা পশু তাদের কেউই বাদুড়কে গুরুত্ব দিচ্ছিল না। একসময় লড়াই থামল, দু-দলে শান্তি বজায় হল, কিন্তু এখন পশু ও পাখি দু-মুখো বাদুড়কে তাদের ধারে কাছে ঘেঁষতে দিল না। দূর দূর করে তাড়িয়ে দিল। সেই থেকে বাদুড় একা, রাতের অন্ধকারে মুখ লুকিয়ে থাকে, দিনে আর-বেরোয় না।

ক) কাদের মধ্যে তুমুল লড়াই বেধেছিল? (১)

খ) শূন্যস্থান পূরণ কর :- (১)
.................................. কোনো দলেই ঠিকমতন যোগ দিচ্ছিল না।

গ) বিপরীত শব্দ লেখ :- জিত, শান্তি (২)

ঘ) বাক্যরচনা কর :- অন্ধকার (১)

**************************

# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

3rd Terminal Examination – 2019

**Subject:** Bengali Grammar Model Answer **Class:** 4 A & C **F.M.:** 75 **Duration:** 2Hrs. **Date:** 19.11.2019

(Marks will be deducted for untidy work, spelling mistakes and work not done in systematic manner.)

## ক – বিভাগ (২০)

**১) নীচে দেওয়া শব্দগুলির সন্ধিবিচ্ছেদ করো।** (১x৫=৫)

বিদ্যালয় = বিদ্যা + আলয় শচীন্দ্র = শচী + ইন্দ্র নাবিক = নৌ + ইক

স্বাগত = সু + আগত পরোপকার = পর + উপকার

**২) নীচের দেওয়া শব্দগুলিকে বহুবচনে পরিবর্তন করো।** (১x৫=৫)

গুরু - গুরুকুল , মেঘ – মেঘমালা , প্রজা – প্রজাবর্গ , কিলো - চারকিলো , টাকা – পাঁচ টাকা

**৩) নীচের শব্দগুলির দুটি করে সমার্থক শব্দ লেখো।** (৫)

বাবা – জনক,পিতা মেয়ে – কন্যা,দুহিতা চোখ – নয়ন, লোচন

পৃথিবী – বসুমাতা, বসুধা গৃহ – ঘর,বাড়ি

**৪) শূন্যস্থান পূরণ করো।** (১x৫=৫)

ক) উত্তম ও মধ্যম পুরুষ কেবল সর্বনাম পদেরই হয়।

খ) বিশেষ্যের পরিবর্তে যে পদ ব্যবহৃত হয় তাকে বলে সর্বনাম পদ।

গ) কোনো প্রশ্ন জিজ্ঞাসা করা হলে প্রশ্ন চিহ্ন বসে।

ঘ) বিশেষ্য ও সর্বনাম পদের বচন হয়।

## খ – বিভাগ (২৫)

**৫) নীচের শব্দগুলির সন্ধিযুক্ত করো।** (৩)

ক) বিবেক + আনন্দ = বিবেকানন্দ

খ) মহা + আকাশ = মহাকাশ

গ) প্রতি + এক = প্রত্যেক

**৬) ক্রিয়াপদ অনুযায়ী পুরুষ বসাও।** (৩)

ছাত্রেরা নিজেরা লিখবে।

**৭) নীচের বাক্যগুলিতে অব্যয় পদের নীচে দাগ দাও।** (৩)

ক) আমি আর তুমি বিদ্যালয়ে যাব।

খ) তুমি আমাদের বাড়ি আসবে নচেৎ তোমার সঙ্গে আড়ি।

গ) মেয়েটি চালাক কিন্তু শান্ত।

**৮) নীচের বাক্যগুলিতে দাগদেওয়া পদগুলি কোন পুরুষ লেখো।** (৩)

ক) আমি কলম দিয়ে লিখি। কলম – প্রথম পুরুষ

খ) আমাদের বাগানে অনেক ফুল ফুটেছে। আমাদের – উত্তম পুরুষ

গ) আমি তোর বাড়ি যাব। তোর – মধ্যম পুরুষ

**৯) বাক্য তৈরি করার প্রধান তিনটি শর্ত লেখো।** (৩)

ক) বাক্যের পদগুলিকে ঠিকমতো সাজাতে হবে যাতে একটি মনের ভাব প্রকাশ পায়।

খ) বাক্যটির উপযুক্ত অর্থ বোঝবার যোগ্যতা থাকবে।

গ) বাক্যে একটি মনের ভাব শেষ করতে হবে।

**১০) নীচের বাক্যগুলির ক্রিয়ার কাল লেখো।** (৩)

ক) সূর্য পশ্চিমদিকে অস্ত যায়। - বর্তমান কাল

খ) গতকাল রাতে আমি একটি সুন্দর স্বপ্ন দেখেছি। - অতীত কাল

গ) আমাদের বিদ্যালয়ে শিশু দিবস পালিত হবে। - ভবিষ্যত কাল

১১) বাক্যের প্রধান অংশ দুটি । ক) উদ্দেশ্য খ) বিধেয়

ছাত্রেরা নিজেরা উদাহরণ লিখে প্রধান অংশগুলি চিহ্নিত করবে। (৩)

১২) নামপদ চার প্রকার। ১) বিশেষ্য ২) সর্বনাম ৩) বিশেষণ ৪) অব্যয় (২)

১৩) নীচের বাক্যে দাগ দেওয়া শব্দগুলির সমার্থক শব্দ লিখে বাক্যগুলি পুনরায় লেখো। (২)

ছাত্রেরা নিজেরা সমার্থক শব্দ লিখে বাক্যগুলি পুনরায় লিখবে।

## গ – বিভাগ (৩০)

**১৪) নীচের বাক্যগুলিতে উপযুক্ত স্থানে বিরাম বা যতি চিহ্ন বসাও।** **(৫)**

ক) তোমার বাড়ি কোথায়?

খ) বা! খুব সুন্দর হাতের লেখা হয়েছে।

গ) দোকান থেকে তেল, নুন, দুধ, ঘি আনতে হবে।

ঘ) আজ আমরা সিনেমা দেখতে যাব।

ঙ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের লেখা বইগুলি হল-'বর্ণপরিচয়', 'সীতার বনবাস' ইত্যাদি।

১৫) ছাত্রেরা নিজেরা লিখবে। (৫)

১৬) চিঠি লেখা ছাত্রেরা নিজেরা লিখবে। (৫)

১৭) অনুচ্ছেদ লেখা ছাত্রেরা নিজেরা লিখবে। (৫)

১৮) গল্প লেখা ছাত্রেরা নিজেরা লিখবে। (৫)

১৯) ক) – উঃ- পাখি ও পশুদের মধ্যে তুমুল লড়াই বেধেছিল। (১)

খ) – উঃ- বাদুড় কোন দলেই ঠিকমতন যোগ দিচ্ছিল না। (১)

গ) বিপরীত শব্দ লেখো:- জিত – হার (২)

শান্তি - অশান্তি

ঘ) বাক্য রচনা করো:- অন্ধকার – ছাত্রেরা নিজেরা লিখবে। (১)

..........xxxxxxxxxxxxxxxxxx..........